BLUE CHIP INDIA LIMITED

Regd. Office :10 Princep Street, 2nd Floor, Kolkata - 700072
Email: bluechipindialimited@gmail.com
Website: www.bluechipind.com
Phone: (033) 4002 2880, Fax: (033) 2237 9053
CIN: L65991WB1993PLC060597

Date: September 07, 2026

To, National Stock Exchange of India Ltd, Exchange Plaza,5thFloor, C -1, Block G, Bandra Kurla Complex, Bandra (E), Mumbai 400051	**To, BSE Limited, 1st Floor, Phiroze Jeejeebhoy, Towers Dalal Street, Mumbai- 400001**	**To, The Secretary, The Calcutta Stock Exchange Ltd 7, Lyons Range, Kolkata – 700001**
Symbol: BLUECHIP	**Scrip Code: 531936**	**Scrip Code: 12057**

<u>Subject: Compliance pursuant to Regulation 30 & 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulation, 2015 ("Listing Regulations")</u>

Dear Sir/Madam,

Pursuant to Regulation 30 & 47 of the Listing Regulations, please find enclosed copies of Newspaper advertisement titled **"Notice of 41st Annual General Meeting** and e-voting to be held through video conference / other audio-visual means" published in **"Financial Express"** an English Daily Newspaper and **"Duranta Barta"** a Bengali Newspaper (Regional) on**, September 05, 2026.**

Kindly take the same on record.

Thanking you,

For Blue Chip India Limited,

BLUE CHIP INDIA LTD.
Arihant Jain
Authorized Signatory/Director

Arihant Jain
Managing Director
DIN: 00174557

Encl.: a/a

‘অন্যের স্বপ্ন পূরণ করছি’, গুগল ছেড়ে কৃষিকাজে নামলেন ইঞ্জিনিয়ার, এখন শতাধিক পরিবারের ভরসা

গুগলে চাকরি-বিশ্বের অন্যতম সেরা প্রযুক্তি সংস্থায় কাজ করার স্বপ্ন দেখেন বহু তরুণ-তরুণী। মোটা বেতন, বিদেশে থাকার সুযোগ এবং ঝাঁ চকচকে জীবন-সব মিলিয়ে এমন চাকরি ছেড়ে দেওয়ার কথা ভাবাও অনেকের কাছে অবিশ্বাস্য। কিন্তু সেই অসম্ভবকেই বাস্তবে পরিণত করেছেন পাঞ্জাবের পাটিয়ালার ইঞ্জিনিয়ার মনতাজ সিধু। বছরে প্রায় ৮৩ লক্ষ টাকার প্যাকেজের চাকরি, আয়ারল্যান্ডের ডাবলিনে বিলাসবহুল জীবন-সব পিছনে ফেলে তিনি ফিরে এসেছেন নিজের দেশে। বেছে নিয়েছেন কৃষিকাজের পথ। আর আজ সেই জৈব চাষ থেকেই করছেন মোটা অঙ্কের আয়। মনতাজের কর্মজীবনের শুরু হায়দরাবাদে গুগলের চাকরি দিয়ে। পরবর্তীকালে তিনি চলে যান আয়ারল্যান্ডের রাজধানী ডাবলিনে। সেখানে গুগলের ইউরোপীয় টিমের সঙ্গে কাজ শুরু করেন। বাইরে থেকে তাঁর জীবন ছিল স্বপ্নের মতো। ভালো বেতন, বিদেশের জীবন এবং বহুজাতিক সংস্থায় প্রতিষ্ঠিত কেরিয়ার-কিছুই কম ছিল না। কিন্তু ধীরে ধীরে তাঁর মনে প্রশ্ন জাগতে শুরু করে, এই জীবন কি সত্যিই তাঁকে মানসিক শান্তি দিচ্ছে? মনতাজের কথায়, জীবনের অর্ধেকেরও বেশি সময় অন্য কারও স্বপ্ন পূরণ করতে ব্যয় করার অনুভূতি তাঁকে ভাবিয়ে তুলত। তাঁর সিনিয়র সহকর্মীদের মধ্যে মানসিক চাপ এবং দীর্ঘ কর্মঘণ্টার প্রভাবও তিনি কাছ থেকে দেখেছিলেন। তখনই তাঁর উপলব্ধি হয়, শুধু মোটা অঙ্কের বেতন পেলেই জীবনে সুখ বা শান্তি নিশ্চিত হয় না। বিদেশে থাকার সময় আর একটি বিষয় তাঁকে বিশেষভাবে ভাবাত-খাবারের নিরাপত্তা। ভারতের বাজারে বিক্রি হওয়া সবজি ও অন্যান্য খাদ্যপণ্যে রাসায়নিক এবং কীটনাশকের অতিরিক্ত ব্যবহার নিয়ে তাঁর উদ্বেগ বা।তে থাকে। বিশেষ করে নিজের পরিবার এবং ভবিষ্যৎ প্রজন্মের সুস্বাস্থ্যের কথা মাথায় রেখে তিনি অন্যরকম কিছু করার সিদ্ধান্ত নেন। অবশেষে ২০২২ সালে গুগলের চাকরি ছেড়ে দেশে ফিরে আসেন মনতাজ। পাঞ্জাবে ফিরে তুতো ভাই বলজি সিং গিলকে সঙ্গে নিয়ে পাটিয়ালায় শুরু করেন ‘গিল অর্গানিকস’।

লক্ষ্য ছিল একটাই-মানুষের কাছে রাসায়নিকমুক্ত, নিরাপদ এবং জৈব পদ্ধতিতে উৎপাদিত তাজা খাবার পৌঁছে দেওয়া। তাঁদের উদ্যোগের মডেলটিও বেশ অভিনব। বিভিন্ন খামারে জৈব পদ্ধতিতে ১৮টিরও বেশি প্রজাতির মরসুমি সবজি চাষ করা হয়। গ্রাহকদের জন্য নির্দিষ্ট প্লট বুক করার সুযোগ রয়েছে। পরিবারের নামে সেই প্লট বরাদ্দ করা হয়। চাইলে গ্রাহক নিজেরাই খামারে গিয়ে নিজেদের জমিতে উৎপাদিত সবজি তুলে নিয়ে যেতে পারেন। আবার ব্যস্ত গ্রাহকদের জন্য রয়েছে বাড়িতে সবজি পৌঁছে দেওয়ার ব্যবস্থাও। শুধু সবজি বিক্রি নয়, গ্রাহকদের কৃষির সঙ্গে সরাসরি যুক্ত করার চেষ্টা করেছে ‘গিল অর্গানিকস’। ফলে শহুরে মানুষও বুঝতে পারছেন, তাঁদের প্রতিদিনের খাবার কীভাবে উপাদিত হচ্ছে এবং জৈব চাষের গুরুত্ব কতটা। অল্প সময়ের মধ্যেই মনতাজের এই উদ্যোগ সাড়া ফেলেছে। বর্তমানে শতাধিক পরিবার নিয়মিত তাঁদের অর্গানিক ফার্ম থেকে সবজি সংগ্রহ করছে। সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, জৈব চাষের এই ব্যবসা থেকে মনতাজের আয় এখন তাঁর গুগলের চাকরির বেতনের থেকেও বেশি। তবে অর্থই তাঁর কাছে সবচেয়ে বড় সাফল্য নয়। মনতাজের কাছে আসল প্রাপ্তি হল নিজের পছন্দের কাজ করার স্বাধীনতা এবং মানসিক শান্তি। যে মানুষ একসময় ডাবলিনে বসে কর্পোরেট জীবনের ব্যস্ততার মধ্যে নিজের ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন তুলেছিলেন, তিনিই আজ পাঞ্জাবের মাটিতে দাঁড়িয়ে নিজের স্বপ্নকে বাস্তব রূপ দিয়েছেন। গুগলের মতো সংস্থার মোটা বেতনের চাকরি ছেড়ে কৃষিকাজে আসার সিদ্ধান্ত নিঃসঃদহে বড় ঝুঁকি ছিল। কিন্তু মনতাজ সিধুর গল্প দেখিয়ে দিয়েছে, সাফল্যের সংজ্ঞা সবার কাছে এক নয়। কারও কাছে সাফল্য হতে পারে বড় বেতন ও বিদেশের জীবন, আবার কারও কাছে নিজের মাটিতে থেকে পছন্দের কাজ করা এবং মানুষের জন্য নিরাপদ খাবার উৎপাদন করাই হতে পারে সবচেয়ে বড় অর্জন। সেই দৃষ্টিকোণ থেকে মনতাজের যাত্রা শুধু এক ইঞ্জিনিয়ারের পেশা বদলের গল্প নয়, বরং নিজের স্বপ্নকে বেছে নেওয়ার এক অনুপ্রেরণাদায়ক উদাহরণ।

অভিষেকের ক্যামাক স্ট্রিটের অফিসের একাংশ খালি করার নোটিস দমকলের

১-র পাতার পর- পাশাপাশি সেখানে কোনও হিট ডিটেক্টর বা স্মোক ডিটেক্টর বসানো নেই বলেও অভিযোগ উঠেছিল। তারপরই শুক্রবার এই নির্দেশ। শেক্সপিয়র সরণি থানার পুলিশ আধিকারিকদের সঙ্গে নিয়ে দমকল বিভাগের একটি দল ক্যামাক স্ট্রিটের ওই ভবনে প্রবেশ করে। প্রথমে বহুতলটির বাইরের অংশ ও আশপাশ ঘুরে দেখার পর তাঁরা ভিতরের প্রতিটি তলায় পরিদর্শন করেন। উল্লেখ্য, এই ভবনটির সাত ও আট তলায় অবস্থিত ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের প্রধান কার্যালয়। আধিকারিকরা সেই দুটি তলাতেও যান এবং আপৎকালীন অগ্নিনির্বাপক ব্যবস্থা ও ফায়ার অ্যালার্মের কার্যকারিতা খতিয়ে দেখেন। এর পাশাপাশি ভবনটি নির্মাণের সময় কলকাতা পুরসভায় জমা দেওয়া মূল নকশা বা প্ল্যান অনুযায়ী নির্মাণ হয়েছে নাকি কোনও ‘বেআইনি’ অংশ যুক্ত করা হয়েছে, তাও খতিয়ে দেখেন আধিকারিকরা। পরিদর্শনের সময় ভবনের বাইরের একটি শেড নিয়ে আপত্তি জানান তাঁরা। পরবর্তীতে বহুতলের বেসমেন্ট ও ভূগর্ভস্থ পার্কিং এলাকায় গিয়ে সেখানকার সার্বিক অগ্নিনির্বাপণ পরিকাঠামো খতিয়ে দেখা হয়।

‘অতিরিক্ত বৃষ্টি হলে জল ছাড়তেই হবে’

১-র পাতার পর-বলেন, ‘‘ডিভিসি খুব ভাল কাজ করছে। একটাও বাঁধ ভাঙেনি। আগের মতো বালির ব্যাগ নিয়ে উৎসব করতে হচ্ছে না। ড্যামের ক্যাপাসিটির বাইরে বৃষ্টি হলে জল তো ছাড়বেই।’’ অন্যদিকে, মালদহ ও মুর্শিদাবাদে গঙ্গার ভাঙন দীর্ঘদিনের সমস্যা বলে স্বীকার করে তিনি জানান, এর স্থায়ী সমাধানের জন্য বড় পরিকল্পনা নেওয়া হয়েছে। কানপুর আইআইটি, বিশেষজ্ঞ টিম, জলশক্তি মন্ত্রক এবং বিহার, ঝাড়খণ্ড ও পশ্চিমবঙ্গ, এই তিন রাজ্যের মধ্যে কো-অর্ডিনেশন মিটিং করে দীর্ঘমেয়াদী পরিকল্পনা তৈরি করা হচ্ছে। এনডিএম (ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট) এবং রাজ্য তহবিলের পাশাপাশি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছেও অতিরিক্ত তহবিলের আবেদন জানানো

নতুনগ্রাম ইয়ং কমিটির সদস্যরা অনবরত মানুষের সেবায় নিয়োজিত রয়েছেন, এবং আজকে নতুনগ্রাম ইয়ং কমিটির পক্ষ থেকে আবারও এক ব্যক্তিকে রক্ত দিয়ে সাহায্য করা হলো। রক্তদাতার নাম টিঙ্কু সেখ এবং গ্রহীতার নাম হরিপদ প্রমানিক। ছবি- সাবিরুল সেখ

ধ্বংসস্তূপের মাঝে ‘ঈশ্বরের দূত’! শত শত প্রাণ বাঁচালেন ক্যাপ্টেন প্রিয়া

কাটমান্ডু, ৪ সেপ্টেম্বর ঃ প্রকৃতির ভয়ংকর রুদ্ররূপ। চারদিকে ধ্বংসস্তূপ, বিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা আর মৃত্যুর আতঙ্ক। নেপালের ভয়াবহ বন্যা ও হড়পা বানের সেই দুঃসময়ে যখন দুর্গত মানুষের কাছে পৌঁছনোর প্রায় সব পথ বন্ধ, তখন আকাশপথই হয়ে উঠেছিল একমাত্র ভরসা। আর সেই আকাশপথে একের পর এক উদ্ধার অভিযান চালিয়ে শত শত মানুষের জীবন বাঁচালেন নেপালের প্রথম মহিলা হেলিকপ্টার ক্যাপ্টেন প্রিয়া অধিকারী। বিপর্যস্ত নেপালে তাঁর সাহসিকতা ও মানবিক উদ্যোগের জন্য অনেকেই তাঁকে এখন ‘‘ঈশ্বরের দূত’ দূত’ বলে অভিহিত করছেন। গত ২৬ আগস্ট ভয়াবহ হড়পা বানে কার্যত বিপর্যস্ত হয়ে পড়ে নেপালের বিস্তীর্ণ এলাকা। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় রসুয়া ও নুয়াকোট জেলা। প্রবল স্রোতে ভেসে যায় বহু রাস্তা ও সেতু। কোথাও যোগাযোগ সম্পূর্ণ বিচ্ছিন্ন, কোথাও আবার কাদামাটি ও ধ্বংসাবশেষে আটকে পড়েন অসংখ্য মানুষ। দুর্গতদের উদ্ধারে তাই হেলিকপ্টারই হয়ে ওঠে প্রধান অবলম্বন। এই ভয়াবহ পরিস্থিতিতে ৪১ বছর বয়সি প্রিয়া অধিকারী টানা প্রায় ছয় দিন ধরে উদ্ধার অভিযানে অংশ নেন। এই সময়ের মধ্যে তিনি ১০০টিরও বেশি মিশনে উড়ান চালিয়ে মৃত্যুর মুখে আটকে থাকা বহু মানুষকে নিরাপদ স্থানে নিয়ে আসেন। প্রতিকূল আবহাওয়া, দুর্গম পাহাড়ি এলাকা এবং সংকীর্ণ উপত্যকার মধ্যেও থামেনি তাঁর উদ্ধার অভিযান। এক সাক্ষাৎকারে প্রিয়া জানিয়েছেন, তাঁর পেশাজীবনের অন্যতম কঠিন অভিজ্ঞতা ছিল এই উদ্ধারকাজ। এমনকি ২০১৫ সালের ভয়াবহ নেপাল ভূমিকম্পের সময়ের উদ্ধার অভিযানের তুলনায় এবারের

পরিস্থিতি আরও কঠিন ছিল বলে জানিয়েছেন তিনি। তাঁর কথায়, বিপর্যয়ের মূল কেন্দ্র ছিল একটি সংকীর্ণ উপত্যকা। ফলে প্রতিটি উড়ানই ছিল অত্যন্ত ঝুঁকিপূর্ণ। টানা কাজ করতে গিয়ে উদ্ধারকারী দলের সদস্যরাও শারীরিক ও মানসিকভাবে ক্লান্ত হয়ে পড়েছিলেন। তবে ঝুঁকি নেওয়া প্রিয়ার কাছে নতুন কিছু নয়। তিনি দীর্ঘদিন ধরে একজন অভিজ্ঞ ‘ হেলিকপ্টার পাইলট হিসেবে কাজ করছেন। হিমালয়ের দুর্গম এলাকায় পর্বতারোহীদের উদ্ধার, প্রত্যন্ত অঞ্চলে ত্রাণ পৌঁছে দেওয়া কিংবা বিপজ্জনক পরিস্থিতিতে আটকে পড়া মানুষকে নিরাপদে সরিয়ে নেওয়া-বিভিন্ন কঠিন অভিযানে তাঁর অভিজ্ঞতা রয়েছে। বিশেষ কিছু অভিযানে তাঁকে প্রায় ৬,২০০ মিটার উচ্চতা পর্যন্ত হেলিকপ্টার নিয়ে যেতে হয়েছে। ২০১৫ সালের ভূমিকম্পের পরও উদ্ধারকাজে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন তিনি। প্রিয়ার পাইলট হয়ে ওঠার গল্পটিও অনুপ্রেরণার। পরিবেশ বিজ্ঞান নিয়ে পড়াশোনা করার পর তাঁর কর্মজীবন শুরু হয়েছিল কেবিন ক্রু হিসেবে। কিন্তু জীবনে প্রথমবার হেলিকপ্টারে চড়ার পরই বদলে যায় তাঁর স্বপ্ন। আকাশে উড়ে মানুষের পাশে দাঁড়ানোর ইচ্ছা থেকেই পাইলট হওয়ার সিদ্ধান্ত নেন তিনি। স্বপ্নপূরণের জন্য এরপর ফিলিপিন্সে গিয়ে হেলিকপ্টার চালানোর প্রশিক্ষণ নেন প্রিয়া। প্রয়োজনীয় ‘ফ্লাইং আওয়ার্স’ সম্পূর্ণ করার পর ২০১৭ সালে পেশাদার হেলিকপ্টার পাইলট হিসেবে কর্মজীবন শুরু করেন। সময়ের সঙ্গে অর্জন করেন উচ্চ পার্বত্য এলাকায় উদ্ধার অভিযানের বিশেষ দক্ষতা। আজ নেপালের বিপর্যয়ের দিনে সেই দক্ষতাই হয়ে উঠেছে অসংখ্য মানুষের জীবনরক্ষার হাতিয়ার। ধ্বংসের মাঝেও তাঁর হেলিকপ্টারের শব্দ যেন দুর্গত মানুষের কাছে নতুন আশার বার্তা। ভয়কে জয় করে আকাশে উড়ে চলা প্রিয়া অধিকারী তাই শুধু একজন পাইলট নন-দুর্যোগের সময়ে মানবিক সাহসের এক উজ্জ্বল প্রতীক।

পশ্চিমবঙ্গ পর্যটনের

১-র পাতার পর-করে ‘ডেস্টিনেশন সুন্দরবন’ গড়ে তোলা হবে। পাশাপাশি আগামী ২ অক্টোবর বন দফতরের পক্ষ থেকে উত্তরবঙ্গের বক্সা ব্যাঘ্র প্রকল্পে আনুষ্ঠানিকভাবে বাঘ ছাড়ার কথা ঘোষণা করেন তিনি। বাঙালির আড্ডা ও ঐতিহ্যের সংস্কৃতির কথা মাথায় রেখে পর্যটন দফতর বিশেষ ১২টি নির্দিষ্ট দিন চিহ্নিত করেছে, যে দিনগুলিতে দফতরের সমস্ত কর্মী ও আধিকারিকেরা বাংলার ঐতিহ্যবাহী পোশাক পরে কার্যালয়ে উপস্থিত থাকবেন। পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষের এই প্রস্তাবকে স্বাগত জানিয়ে মুখ্যমন্ত্রী নির্দেশ দেন, নির্দিষ্ট দিনগুলি ছুটির দিন হলে তার আগের কাজের দিনটিতে যেন এই পোশাক পরা হয়। সেই দিনগুলি হল - সরস্বতী পুজো, দোল, বুদ্ধ পূর্ণিমা, পয়লা বৈশাখ, জামাইষষ্ঠী, রথযাত্রা, রাখি পূর্ণিমা, জন্মাষ্টমী, দুর্গাপুজোর অষ্টমী, কালীপুজো, ভাইফোঁটা, পৌষ সংক্রান্তি। অনুষ্ঠানে পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ আবেগঘন কণ্ঠে বলেন, ‘‘বর্ন টু লিড, রেডি টু রাইস’-এই বিশ্বাস নিয়ে আমরা গত তিন মাস ধরে মুখ্যমন্ত্রীর ভরসায় বিশ্বমানচিত্রে বাংলাকে তুলে ধরতে কাজ করছি। এই লোগো উন্মোচন রাজ্য পর্যটনের এক নতুন দিগন্তের সূচনা। ধনধান্যে প্রেক্ষাগৃহের এই অনুষ্ঠান থেকে নতুন বার্তা পাওয়ার পর ওয়াকিবহাল মহলের মতে, সরকারি এই মেগা পরিকল্পনা ও ৫০০ কোটি টাকার অর্থবরাদ্দ রাজ্যের পর্যটন ব্যবসাকে নতুন এক উচ্চতায় পৌঁছে দেবে।

কাশ্মীরে গুলির লড়াইয়ে খতম

১-র পাতার পর-করেছে। বাহিনীর তরফে জানানো হয়েছে, নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে আশদার গলিতে সেনা, জম্মু-কাশ্মীর পুলিশ ও সিআরপিএফ যৌথ তল্লাশি শুরু করে। সন্দেহজনক গতিবিধি নজরে আসার পর জঙ্গিদের চ্যালেঞ্জ করা হলে তারা গুলি চালায়। পাল্টা অভিযানে এক জঙ্গি নিহত এবং একটি একে রাইফেল উদ্ধার হয়েছে। এলাকায় তল্লাশি এখনও চলছে। বৃহস্পতিবার শুরু হওয়া এই জঙ্গি দমন অভিযান শুক্রবার দ্বিতীয় দিনে পড়েছে। অভিযানের এলাকা দুধপাথরির কাছাকাছি হওয়ায় পর্যটকদের জন্যও সতর্কতা জারি করেছে প্রশাসন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সেখানে না যাওয়ার পরামর্শ দিয়েছেন তাঁরা।

সন্তানদের অপেক্ষায় দিন কাটছে না

১-র পাতার পর- নুয়াকোট জেলাতেই অন্তত ৩০০ জন শিক্ষার্থী নিখোঁজ রয়েছে। অন্যদিকে, ওই পৌরসভার শিক্ষা ইউনিটের স্কুল পরিদর্শক নবরাজ সপকোটা বর্তমান পরিস্থিতিকে অত্যন্ত হৃদয়বিদারক ও বেদনাদায়ক বলে ব্যাখ্যা করেছেন। তিনি জানান, এমনও দেখা যাচ্ছে যে বেঁচে থাকা বাবা-মা তাঁদের হারিয়ে যাওয়া সন্তানকে খুঁজে পাচ্ছেন না, আবার অন্যদিকে কোনও কোনও পরিবারে বেঁচে যাওয়া শিক্ষার্থীরা খুঁজে বেড়াচ্ছে তাদের নিখোঁজ বাবা-মাকে। এই শিশু সংকটের নেপথ্যে রয়েছে গোটা নেপাল জুড়ে ছড়িয়ে পড়া এক বিশাল প্রাকৃতিক ট্র্যাজেডি। আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্স তাদের এক রিপোর্টে প্রকাশ করেছে, ২৬ আগস্ট হিমবাহ ধসের ফলে সৃষ্ট এই ভয়াবহ বন্যা ও ধসে পুরো নেপালে অন্তত ৪,২০০-রও বেশি মানুষ এখনও নিখোঁজ এবং ১,২০০-র বেশি মানুষের প্রাণহানি নিশ্চিত করা সম্ভব হয়েছে। দুটি জেলা জুড়ে শিক্ষা পরিকাঠামোর যে চরম বিপর্যয় ঘটেছে, তা শিশুদের উপর পড়া এই দুর্যোগের গভীরতাকে স্পষ্ট করে দেয়। ‘দ্য কাঠমান্ডু পোস্ট’-এর তথ্য অনুযায়ী, রসুয়ার ৪টি এবং নুয়াকোটের ৮টি, মোট ১২টি বিদ্যালয় একবারে মাটির সঙ্গে মিশে গেছে। আর যে স্কুলগুলি কোনওক্রমে টিকে রয়েছে, সেগুলিও হাজার হাজার শিশুর কাছে পৌঁছনোর অযোগ্য হয়ে পড়েছে। কারণ বিভিন্ন গ্রামের সঙ্গে সংযোগকারী রাস্তা, সেতু ও পাহাড়ি পথগুলি বন্যার তোড়ে ভেসে গেছে। নুয়াকোটের একটি ক্ষতিগ্রস্ত স্কুলের প্রধান শিক্ষক বিষণ্ণ কণ্ঠে সংবাদমাধ্যমকে বলেন, ‘‘আমাদের গোটা স্কুল প্রাঙ্গণটি আজ খাঁ-খাঁ করা এক নদীর চরে পরিণত হয়েছে। সবকিছু দেখে মনে হচ্ছে যেন আমরা আবার এক ঝটকায় আদিম প্রস্তর যুগে ফিরে গেছি।’’ জাতিসংঘের শিশু বিষয়ক সংস্থা ‘ইউনিসেফ’ আলাদা একটি বিবৃতিতে জানিয়েছে, রসুয়া, নুয়াকোট এবং ধাদিং জেলা জুড়ে অন্তত ১৭,০০০ শিশু এই আকস্মিক বন্যায় প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এই বিপুল সংখ্যক শিশুর জন্য অবিলম্বে জরুরি ত্রাণ ও মানবিক সহায়তার প্রয়োজন বলে সতর্ক করেছে জাতিসংঘ। শিশুদের এই নিখোঁজ হওয়ার ঘটনা এমন এক সময়ে সামনে এসেছে, যখন পুরো নেপাল জুড়েই মানুষ তাঁদের হারিয়ে যাওয়া স্বজনদের সন্ধানে মরিয়া হয়ে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে ঘুরে বেড়াচ্ছেন। রাজধানী কাঠমান্ডুর ‘ত্রিভুবন বিশ্ববিদ্যালয় টিচিং হাসপাতাল’-এর দেওয়ালে তৈরি করা হয়েছে একটি ওয়াল অব দ্য মিসিং বা নিখোঁজদের ছবি টাঙানোর বিশেষ দেওয়াল। সেখানে স্বজনহারা মানুষজন এসে ছবি, পরিচয় ও প্রয়োজনীয় তথ্য জমা দিচ্ছেন এবং প্রিয়জনের খোঁজে ব্যাকুল হয়ে দেওয়ালে টাঙানো ছবিগুলো স্ক্যান করছেন। রয়টার্সের খবর অনুযায়ী, হাসপাতাল মর্গে আসা পরিচয়হীন মরদেহগুলির সঙ্গে ছবি মিলিয়ে নিজেদের স্বজনদের শনাক্ত করার জন্য পরিবারগুলির মূল কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে এই দেওয়ালটি। তবে দুর্গম পাহাড়ি ভূখণ্ড, ধসে যাওয়া রাস্তা, ভেঙে পড়া সেতু এবং অচল মোবাইল নেটওয়ার্কের কারণে উদ্ধারকাজ চরমভাবে ব্যাহত হচ্ছে। নেপালের কঠিনতম ভৌগোলিক অঞ্চলে দাঁড়িয়ে উদ্ধারকারী দলগুলি জীবন বাজি রেখে কাজ করে চলেছে। আশঙ্কার খবর মিলছে, ধসে পড়া একাধিক জলবিদ্যুৎ কেন্দ্র ও প্রজেক্ট সাইটের ভেতর এখনও বহু মানুষ আটকে রয়েছেন। তবে ধ্বংসস্তূপ আর অন্ধকারের বাধা ঠেলে অবশেষে মিলছে আলোর দিশা। নেপালের ত্রিশূলী ৩-এ জলবিদ্যুৎ প্রকল্পের বন্ধ সু।ঙ্গে টানা ন’দিন বন্দি থাকার পর অলৌকিকভাবে জীবিত অবস্থায় উদ্ধার করা সম্ভব হয়েছে দু’জন শ্রমিককে। নেপালের ছ’টি জলবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গে ৯০০-র বেশি শ্রমিক আটকে প।ছিলেন, যার মধ্যে কেবল এই রাসুয়া জেলার ত্রিশূলী কেন্দ্র থেকেই নিখোঁজ ছিলেন ৪০ জন। শুক্রবার সকালে সেনাবাহিনী চরম কাদা ও ধসে আটকে থাকা সুড়ঙ্গের মুখ কেটে বের করে আনে প্রকল্পের মেকানিক্যাল ফোরম্যান সঞ্জয় শাহ ও মেকানিক্যাল সুপারভাইজর কবীর মহারাজনকে। দু’জনকেই বর্তমানে জরুরি অক্সিজেন সাপোর্ট দিয়ে রাখা হয়েছে। নিখোঁজ ৬০০ শিশুর খবর নেপালের এই বিপর্যয়ে এক নতুন ও মর্মান্তিক মাত্রা যোগ করেছে, যা পরিসংখ্যানের থেকেও অনেক বেশি গভীর ও বেদনাদায়ক। যতক্ষণ না পুরো যোগাযোগ ব্যবস্থা সচল হচ্ছে এবং আধিকারিকরা সরজমিনে প্রতিটি শিশুর কাছে পৌঁছতে পারছেন, ততক্ষণ পর্যন্ত প্রকৃত চিত্র স্পষ্ট হওয়া অসম্ভব।

গোরখপুরের রেল স্টেডিয়াম কলোনিতে পুনর্নির্মিত নন্দন বন পার্কের উদ্বোধন করেন জিএম শ্রী উদয় বরওয়ানকর

গোরখপুর, ৪ সেপ্টেম্বরঃ ৪ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে, উত্তর-পূর্ব রেলওয়ের জেনারেল

ম্যানেজার, শ্রী উদয় বরওয়ানকর, গোরখপুরের রেলওয়ে স্টেডিয়াম কলোনিতে অবস্থিত পুনর্নির্মিত নন্দন বন পার্কের উদ্বোধন করেন। কলোনিরই এক শিশু অভিব্যক্তি ফিতা কাটার মাধ্যমে এই উদ্বোধন সম্পন্ন করে। এই অনুষ্ঠানে অতিরিক্ত জেনারেল ম্যানেজার, শ্রী বিনোদ কুমার শুক্লা, বিভিন্ন বিভাগের প্রধানগণ, ঊর্ধ্বতন রেল কর্মকর্তা এবং কর্মচারীরা উপস্থিত ছিলেন।এই উপলক্ষে, জেনারেল ম্যানেজার, শ্রী উদয় বরওয়ানকর এবং অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তারা পুনর্নির্মিত নন্দন বন পার্কে বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশ সুরক্ষার প্রতি তাঁদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। পার্কের সৌন্দর্য বৃদ্ধির জন্য বিভিন্ন প্রজাতির ২০০টি চারাগাছ রোপণ করা হয়েছে। জেনারেল ম্যানেজার পার্কের জৈব উদ্ভিদ, সবুজ ঘাস, সীমানা প্রাচীর, হাঁটার পথ এবং হাই মাস্ট লাইটগুলি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন এবং মন্তব্য করেন যে পার্কটিকে সুন্দর ও আধুনিক করা হয়েছে। তিনি কলোনির বাসিন্দাদের এর পরিচ্ছন্নতা বজায় রাখতে এবং এর সুবিধাগুলো গ্রহণ করার জন্য আবেদন জানান।রেলওয়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য একটি পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর এবং পরিবেশবান্ধব পরিবেশ প্রদানের লক্ষ্যে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং বাসিন্দারা এটিকে আন্তরিকভাবে স্বাগত জানিয়েছেন। পুনর্নির্মিত পার্কটিতে একটি সুন্দর ত্রিভুজাকার হাঁটার পথ, আকর্ষণীয় এলইডি লাইট, হাই-মাস লাইট এবং একটি আকর্ষণীয় নকশার প্রবেশদ্বার রয়েছে। পার্কটিতে মৌলশ্রী, ময়ূর, মুনলাইট, অশোক, চম্পা, জুঁই এবং কাশ্মীরি গোলাপসহ ২০০ প্রজাতির গাছ লাগানো হয়েছে, যা বাসিন্দাদের আকর্ষণ করছে। এই পার্কটি বাসিন্দদের জন্য বিনোদন, শারীরিক সুস্থতা, পরিবেশ সংরক্ষণ এবং সামাজিক যোগাযোগের প্রসার ঘটাবে। শিশুরাও খেলার জন্য একটি উপযুক্ত ও সুসজ্জিত জায়গা পাবে।

বিজেপি নেতা বাপি প্রামাণিক খুনে গ্রেফতার আরও ২

নিজস্ব সংবাদদাতা,কুলতলি, ৪ সেপ্টেমম্বর ঃ বারুইপুর থানার হাড়দহ গ্রাম পঞ্চায়েতের উত্তর টাঙ্গাইলবেরিয়া এলাকায় বিজেপি নেতা বাপি প্রামাণিক খুনের ঘটনায় কুলতলি থেকে আরও দু’জনকে গ্রেফতার করল পুলিশ। ধৃতদের নাম সনাতন মণ্ডল ও শুভঙ্কর প্রসাদ। বৃহস্পতিবার গোপন সূত্রে খবর পেয়ে কুলতলিতে অভিযান চালিয়ে তাঁদের গ্রেফতার করা হয় বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। গত ২৩ আগস্ট স্থানীয় একটি পুজো কমিটি গঠনকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে বিবাদ বাধে। সেই বিবাদকে কেন্দ্র করে বাপি প্রামাণিকের উপর হামলা চালানো হয় বলে অভিযোগ। গুরুতর আহত অবস্থায় তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়।এই ঘটনায় তদন্তে নেমে পুলিশ ইতিমধ্যেই বিজেপির সাসপেন্ডেড মণ্ডল সভাপতি সুজন মণ্ডল-সহ একাধিক ব্যক্তিকে গ্রেফতার করেছে। তবে বাপি প্রামাণিক খুনের ঘটনায় আরও কয়েকজন অভিযুক্ত ঘটনার পর থেকেই গা ঢাকা দিয়েছিল বলে পুলিশ সূত্রে খবর। তদন্তকারীরা অভিযুক্তদের সন্ধানে বিভিন্ন এলাকায় নজরদারি চালাচ্ছিলেন। শেষ পর্যন্ত গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার রাতে কুলতলি এলাকায় অভিযান চালানো হয়। সেখান থেকেই সনাতন মণ্ডল ও শুভঙ্কর প্রসাদকে গ্রেফতার করা হয়। শুক্রবার ধৃত দু’জনকে কুলতলি থেকে বারুইপুর মহকুমা আদালতে পেশ করা হয়। তদন্তের স্বার্থে পুলিশ তাঁদের নিজেদের হেফাজতে নেয়।

ব্লু চিপ ইন্ডিয়া লিমিটেড

নিবন্ধিত কার্যালয়ঃ ১০ প্রিন্সেপ স্ট্রিট, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০ ০৭২
ইমেলঃ bluechipindialimited@gmail.com : www.bluechipind.com
ফোনঃ ৯১-৩৩-৪০০২ ২৮৮০, ফ্যাক্সঃ ৯১-৩৩-২২৩৭ ৯০৫৩
CIN : L65991WB1993PLC060597

ভিডিও কনফারেন্স / অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যম এবং দূরবর্তী ই-ভোটিং-এর বিস্তারিত ব্যবস্থা সহ ৪১তম বার্ষিক সাধারণ সভা আয়োজনের বিষয়ে তথ্য।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, **ব্লু চিপ ইন্ডিয়া লিমিটেড** (কোম্পানি)-এর ৪১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) আগামী **২৮শে সেপ্টেম্বর, ২০২৬, সোমবার দুপুর ২.০০টায় (আইএসটি)** ভিডিও কনফারেন্স বা অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যমের সাহায্যে অনুষ্ঠিত হবে উক্ত সভায় এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়াবলি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (MCA) কর্তৃক ১৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জারি করা সাধারণ বিজ্ঞপ্তি নং ০৯২০২৪ এবং সেবি (SEBI)-র ৩ অক্টোবর ২০২৪ তারিখের বিজ্ঞপ্তি নং SEBI/ HO/ CFD/ CFDPoD-2/ P/ CIR/ 2024/ 133 ("SEBI বিজ্ঞপ্তি)-এবং MCA ও SEBI কর্তৃক জারি করা অন্যান্য প্রযোজ্য বিজ্ঞপ্তি ও নির্দেশনাবলী (যৌথভাবে MCA ও SEBI-র বিজ্ঞপ্তি)-অনুসারে (যার মধ্যে বর্তমানে বলব কোনো বিধিবদ্ধ সংশোধন বা পুনঃপ্রণয়ন এবং সময়ে সময়ে আনীত সংশোধনী অন্তর্ভুক্ত), কোম্পানিগুলিকে কোনো নির্দিষ্ট স্থানে সদস্যদের সশরীরে উপস্থিতি ছা।াই ভিডিও কনফারেন্সিং (VC) বা অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যম (OAVM)-এর মাধ্যমে বার্ষিক সাধারণ সভা (AGM) আয়োজনের অনুমতি দেওয়া হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিগুলির সাথে সঙ্গতি রেখে, বার্ষিক সাধারণ সভা (AGM) ভিডিও কনফারেন্সিং (VC) বা অডিও-ভিজ্যুয়াল মাধ্যম (OAVM)-এর সাহায্যে পরিচালনা করা হবে।

উল্লিখিত এমসিএ (MCA) সার্কুলার এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (SEBI)-এর সার্কুলারসমূহ-যথা ১৫ জানুয়ারি ২০২১ তারিখের SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 ১৩ মে ২০২২ তারিখের SEBI/HO/CFD/CMD2/CIR/P/2022/62 ৫ জানুয়ারি ২০২৩ তারিখের SEBI/HO/CFD/PoD-2/P/CIR/2023/4 এবং ৭ অক্টোবর ২০২৩ তারিখের SEBI/HO/CFD/CFD PoD-2/P/CIR/2023/167 (যাকে একত্রে সার্কুলারসমূহ হিসেবে অভিহিত করা হয়েছে)-অনুযায়ী, বার্ষিক সাধারণ সভার (AGM) বিজ্ঞপ্তি এবং ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনের ইলেকট্রনিক কপি সেইসব শেয়ারহোল্ডারদের কাছে পাঠানো হবে যাদের ইমেল ঠিকানা কোম্পানি বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট-এর কাছে নিবন্ধিত রয়েছে।

এছাড়া, এজিএম-এর বিজ্ঞপ্তি এবং ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট (www.bluechipind.com), স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট (www.bseindia.com) এবং সিডিএসএল (CDSL)-এর ওয়েবসাইটে (www.cdslindia.com) পাওয়া যাবে। শেয়ারহোল্ডাররা শুধুমাত্র ভিসি (VC) বা ওএভিএম (OAVM) সুবিধার মাধ্যমে এজিএম-এ যোগ দিতে ও অংশগ্রহণ করতে পারবেন এবং উক্ত আইনের ১০৩ ধারার অধীনে কোরাম (quorum) নির্ধারণের ক্ষেত্রে তাঁদের উপস্থিতি গণ্য করা হবে। এজিএম-এ যোগদানের নির্দেশাবলী এজিএম-এর বিজ্ঞপ্তিতে প্রদান করা হয়েছে।

কোম্পানি সকল শেয়ারহোল্ডারকে বার্ষিক সাধারণ সভার (AGM) বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রস্তাবগুলোর ওপর ভোট দেওয়ার জন্য 'রিমোট ই-ভোটিং' (remote e-Voting) সুবিধা প্রদান করছে। সদস্যরা 'রিমোট ই-ভোটিং' অথবা বার্ষিক সাধারণ সভা চলাকালীন সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (CDSL)-এর ই-ভোটিং ব্যবস্থার মাধ্যমে ভোট দেওয়ার সুযোগ পাবেন। ডিম্যাটেরিয়ালাইজড (ডিমেট) এবং ফিজিক্যাল-উভয় পদ্ধতিতে শেয়ার ধারণকারী শেয়ারহোল্ডারদের রিমোট ই-ভোটিংয়ের প্রক্রিয়া বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা থাকবে। কোম্পানির বার্ষিক প্রতিবেদন এবং বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং ডিপোজিটরি পার্টিসিপেন্টের (DP) কাছে নিবন্ধিত ইমেইল আইডি থাকা শেয়ারহোল্ডারদের কাছেও তা পাঠানো হয়েছে।

এছাড়া সকল স্টেকহোল্ডার বা সদস্য www.bluechipind.com-এ ক্লিক করে বার্ষিক প্রতিবেদনটি দেখতে পারবেন। কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ৯১-এর বিধানাবলি (কোম্পানি (ব্যবস্থাপনা ও প্রশাসন) বিধিমালা, ২০১৪-এর বিধি ১০(১)-এর সাথে পঠিত) এবং সেবি (SEBI)-এর তালিকাভুক্তি সংক্রান্ত বাধ্যবাধকতা ও প্রকাশনা প্রয়োজনীয়তা (LODR) বিধিমালা, ২০১৫-এর প্রবিধান ৪২ অনুযায়ী, কোম্পানির 'বেনিফিশিয়াল ওনার্স রেজিস্টার' (সুফলভোগী মালিকদের রেজিস্টার), 'সদস্য রেজিস্টার' এবং 'শেয়ার হস্তান্তর সংক্রান্ত বই' (Share Transfer Books) মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর ২০২৬ থেকে সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত (উভয় দিনসহ) বন্ধ থাকবে। এছাড়া, ৪১তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রস্তাবগুলোর ওপর ভোট দেওয়ার বা সভায় অংশগ্রহণের যোগ্য সদস্যদের নির্ধারণের জন্য কোম্পানি সোমবার, ২১ সেপ্টেম্বর ২০২৬-কে 'কাট-অফ' তারিখ হিসেবে নির্ধারণ করেছে।

রিমোট ই-ভোটিংয়ের সময়সীমা বৃহস্পতিবার, ২৪ সেপ্টেম্বর ২০২৬ সকাল ৯.০০টায় (IST) শুরু হবে এবং রবিবার, ২৭ সেপ্টেম্বর ২০২৬ বিকেল ৫.০০টায় (IST) শেষ হবে এরপর CDSL কর্তৃক রিমোট ই-ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে। MCA এবং SEBI-এর প্রযোজ্য নির্দেশিকা বা সার্কুলারসমূহ মেনে কোম্পানির সকল শেয়ারহোল্ডার ও স্টেকহোল্ডারদের অবগতি ও সুবিধার্থে এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে।

ব্লু চিপ ইন্ডিয়া লিমিটেডের জন্য,

স্বাক্ষরিত /-
অরিহন্ত জৈন
ব্যবস্থাপনা পরিচালক
ডিআইএনঃ ০০১৭৪৫৫৭

স্থানঃ কলকাতা
তারিখঃ ০৪.০৯.২০২৬

নিরাপত্তা ও যাত্রীস্বাচ্ছন্দ্য নিশ্চিত করতে নিরলসভাবে কাজ করছে পূর্ব রেল

কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ ৩ সেপ্টেম্বর ২০২৬-এর রাতে ফারাক্কা এলাকায় অবিরাম ভারী বৃষ্টিপাতের ফলে নিউ ফারাক্কা ও তিলডাঙার মধ্যবর্তী রেলপথের বাঁধ বরাবর মাটি বসে যাওয়ার ঘটনা ঘটে। টানা বৃষ্টির কারণে UP ও DN লাইনের মধ্যবর্তী বাঁধ দিয়ে জল চুঁইয়ে প্রবেশ করতে থাকে। এর পাশাপাশি ঙ্গগু লাইনের পাশের একটি পুকুর পরিস্থিতিকে আরও জটিল করে তোলে। উপরিভাগ দিয়ে জল চুঁইয়ে পড়া এবং পাশের জলাশয়ের সম্মিলিত প্রভাবে ব্যাপক মাটি ক্ষয় হয়। ফলে কাদামাটিতে ভরা জমি নরম হয়ে গিয়ে UP লাইনের ট্র্যাক বসে যায়। বর্ষাকালীন নজরদারির জন্য নিযোজিত সতর্ক টহলদার কর্মীরা ট্র্যাকের অসামঞ্জস্যতা শনাক্ত করেন। এরপর পার্মানেঃট ওয়ে ইন্সপেক্টর এবং জরুরি মেরামতি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে নিরাপত্তার স্বার্থে অবিলম্বে ওই লাইনে ট্রেন চলাচল স্থগিত করে। যুদ্ধকালীন তৎপরতায় মেরামতির কাজ শুরু হয় এবং পূর্ব রেলের জেনারেল ম্যানেজার শ্রীমতী গীতিকা পাণ্ডের সরাসরি নির্দেশনা ও তত্ত্বাবধানে সেই কাজ আরও জোরদার হয়। তাঁর সঙ্গে প্রিন্সিপাল চিফ ইঞ্জিনিয়ার শ্রী বিক্রম গুপ্ত, মালদা ডিভিশনের ডিভিশনাল আধিকারিকরা, অন্যান্য পদস্থ আধিকারিক এবং মাঠপর্যায়ের কর্মীরা অত্যন্ত নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করেন।

ঘটনাস্থলে কর্মীদের নিরলস প্রচেষ্টার প্রশংসা করে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার শ্রীমতী গীতিকা পাণ্ডে বলেন, এ ধরনের প্রতিকূল আবহাওয়ায় আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হল রেল পরিষেবার নিরাপত্তার ক্ষেত্রে কোনও আপস না করা এবং দ্রুত পরিষেবা পুনরুদ্ধার করা। আমাদের টহলদার দলের দ্রুত সতর্কতা এবং ঘটনাস্থলে কর্মীদের ২৪ ঘণ্টার নিরলস নিষ্ঠা যাত্রী নিরাপত্তা ও নিরবচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা বজায় রাখার ক্ষেত্রে পূর্ব রেলের অঙ্গীকারকে প্রতিফলিত করে।

NAME CHANGE

I, Soma Mondal (Old Name) W/O– Jagannath Biswas resident of Rajapur, Mahula, Beldanga, Dist- Murshidabad, West Bengal, Pin-742134 do hereby declared that I have changed my name from Soma Mondal to Soma Biswas and henceforth I shall be known as Soma Biswas (new name) in all purpose, vide an affidavit sworn before the Notary Public Domkal court dated on 04/09/2026. My name Soma Biswas & Soma Mondal both are same and one identical person.

NAME CHANGE

I, Ganga Biswas (Old Name) S/O– Gouranga Biswas resident of Rajapur, Mahula, Beldanga, Dist- Murshidabad, West Bengal, Pin-742134 do hereby declared that I have changed my name from Ganga Biswas to Gangarani Biswas and henceforth I shall be known as Gangarani Biswas (new name) in all purpose, vide an affidavit sworn before the Notary Public Domkal court dated on 04/09/2026. My name Gangarani Biswas & Ganga Biswas both are same and one identical person.

NAME CHANGE

I, Rehana Bibi (Old Name) W/O– Mahibulla Mallick residing at Vill-Krishnabati , PO-Shimulia Danga , PS-Mongalkote , Dist-Purba Bardhaman, West Bengal 713143 do hereby declared that I have changed my name from Rehana Bibi to Raihana Bibi and henceforth I shall be known as Raihana Bibi (new name) in all purpose, vide an affidavit sworn before the Notary Public Domkal court dated on 03/09/2026 . My name Raihana Bibi & Rehana Bibi both are same and one identical person.

NAME CHANGE

I, Siran Sekh (Old Name) S/O– Abdul Salam resident of Vill- Gakunda , Po-Gajdharpara, Ps-Berhampore, Dist-Murshidabad , West Bengal, Pin-742102 do hereby declared that I have changed my name from Siran Sekh to Siran Sk and henceforth I shall be known as Siran Sk (new name) in all purpose, vide an affidavit no-81 sworn before the Judicial 1st class Magistrate Berhampore court dated on 03/09/2026 . My name Siran Sk & Siran Sekh both are same and one identical person

NAME CHANGE

I, Bimal Mondal S/o- Late Haripada Mondal residing at Vill-Dhulani, P.O.-Kaniara, P.S.-Bagdah, Dist.- North 24 Parganas, Pin-743251 West Bengal, do hereby solemnly affirm and declare my father's actual name Haripada Mondal(New Name) instead of Haricharan Mondal(Old Name) vide an affidavit No. 6483 sworn before the Ld. Executive Magistrate at Bongaon, North 24 Parganas dated 03/12/2025. Haripada Mondal(New Name) and Haricharan Mondal(Old Name) both are same and one identical person.

NAME CHANGE

I, Baishakhi Halder (old name) D/o- Biswajit Halder W/o Sariful Mondal residing at 14 A, Ultadanga Road, Shyambazar Mail, Kolkata-700004 W.B, do hereby declare that I have changed my name from Baishakhi Halder to Baishakhi Mondal(New Name) and henceforth I shall be known as Baishakhi Mondal(New Name) in all purpose vide an affidavit no. 18780 sworn before the Ld. Judicial Magistrate 1st Class at Sealdah dated 03/09/2026. Baishakhi Halder to Baishakhi Mondal both are same and one identical person.

NAME CHANGE

I, RINA DAS, W/O RAMEN DAS, RESIDING AT VILL NAPIT SATBERIA, P. O. NAGARUKHRA, P.S. HARINGHATA, DIST- NADIA. MY SON'S ACTUAL NAME IS AKASH DAS (DOB 25/11/2008) IN AADHAR CARD HIS NAME WAS WRONGLY RECORDED AS RITAM DAS & DOB 6/7/2007. NOW IT IS RECTIFIED IN ALL PURPOSE VIDE AFFIDAVIT NO. 92. SWORN BEFORE THE 1ST CLASS JUDICIAL MAGISTRATE AT KALYANI ON 18/4/2026. AKASH DAS & RITAM DAS BOTH ARE SAME & ONE IDENTICAL PERSON.

NAME CHANGE

I, AMIT PAUL S/O- LATE SIDDHI KUMAR PAUL aged about 45 years, residing at Nalhati Nichu Bazar, Ward No. 05, P.O.+P.S. Nalhati, Dist. Birbhum, West Bengal, do hereby solemnly affirm and declare my actual name AMIT PAUL instead of AMIT PAL and my father's actual name SIDDHI KUMAR PAUL instead of SIDDHI PAL alias SIDDHI PAUL vide an affidavit No. 5152 dated-03/08/2026 sworn before the Ld. Judicial Magistrate 1st Class at Rampurhat, Birbhum dated 03/08/2026. AMIT PAUL S/O-LATE SIDDHI KUMAR PAUL, AMIT PAUL S/O-LATE SIDDHI PAUL, AMIT PAUL S/O-SIDDHI PAUL and AMIT PAL-S/O SIDDHI PAL is the same and one identical person. SIDDHI KUMAR PAUL, SIDDHI PAL and SIDDHI PAUL S/O-LATE DASARATH PAUL is the same and one identical person.

EAST COAST RAILWAY

(1) Tender No. : e-TenderNorthKUR-146-2026, Dtd. 24.08.2026

Description: ALL REPAIRS AND MAINTENANCE OF P.WAY ZONAL WORKS FOR A PERIOD UPTO 30/09/2027 FROM KM. 16.298 TO 90.350 ON SITABANJI-JAROLI SECTION UNDER SENIOR SECTION ENGINEER (SSE)/P.WAY/ KENDUJHARGARH OF KHURDA ROAD DIVISION.

Approx. cost of the work : ₹ 164.02 Lakh, EMD: ₹ 3,28,100.00.

(2) Tender No. : e-tenderNorthKUR-147-2026, Dtd. 24.08.2026

Description: ALL REPAIRS AND MAINTENANCE OF P.WAY ZONAL WORKS FOR A PERIOD UPTO 30/09/2027 FROM KM. 90.350 TO 151.200 ON SITABANJI-TOMKA SECTION UNDER SENIOR SECTION ENGINEER (SSE)/P.WAY/ HARICHANDANPUR OF KHURDA ROAD DIVISION.

Approx. cost of the work : ₹ 140.25 Lakh, EMD: ₹ 2,80,500.00.

(3) Tender No. : e-TenderNorthKUR-148-2026, Dtd. 24.08.2026

Description: ALL REPAIRS AND MAINTENANCE OF P.WAY ZONAL WORKS FOR A PERIOD UPTO 30/09/2027 FROM KM. 334.74 TO 353.80 BETWEEN JAJPUR KEONJHAR ROAD-JENAPUR STATION AND KM 180.00 TO 147.00 ON J-D LINE UNDER SENIOR SECTION ENGINEER (SSE)/P.WAY/ JAJPUR KEONJHAR ROAD OF KHURDA ROAD DIVISION.

Approx. cost of the work : ₹ 182.70 Lakh, EMD: ₹ 3,65,400.00.

(4) Tender No. : e-TenderNorthKUR-149-2026, Dtd. 26.08.2026

Description: ALL REPAIRS AND MAINTENANCE OF P.WAY ZONAL WORKS FOR A PERIOD UPTO 30/09/2027 FROM KM. 287.47 TO 334.74 BETWEEN BHADRAK-JAJPUR KEONJHAR ROAD STATION UNDER SENIOR SECTION ENGINEER (SSE)/P.WAY/BHADRAK OF KHURDA ROAD DIVISION.

Approx. cost of the work : ₹ 205.47 Lakh, EMD: ₹ 4,11,000.00.

Completion period : **12 (Twelve) Months** (for all sl. nos.).

Tender closing Date & Time: At 1500 hrs. of 16.09.2026 (for all sl. nos.).

No manual offers sent by Post/Courier/ Fax or in person shall be accepted against such e-tenders even if these are submitted on firm's letter head and received in time. All such manual offers shall be considered invalid and shall be rejected summarily without any consideration.

The tenderers/bidders must have Class-III Digital Signature Certificate and must be registered on IREPS portal. Only registered tenderer(s)/bidder(s) can participate on e-tendering. All relevant papers must have to be uploaded at the time of participating on e-tendering as per instruction.

Complete information including e-tender documents of the above e-tender is available in website : **www.ireps.gov.in**

Note : The prospective tenderers are advised to revisit the website ten days before the date of closing of tender to note any changes/corrigenda issued for this tender.

Divisional Railway Manager (Engg),
PR-414/R/26-27 **Khurda Road**

CHAMBAL BREWERIES AND DISTILLERIES LIMITED

CIN: L99999RJ1985PLC046460

Registered Office: House No. 30 2nd Floor, DAV School Kei Pass, Talwandi, Kota- 324005, Rajasthan, India

Tel.: 0744-3500607 | **E-mail:** chambalbreweries@gmail.com | **Website:** www.chamabalkota.in

NOTICE OF 41st ANNUAL GENERAL MEETING AND E-VOTING INFORMATION

Notice is hereby given that the **41st Annual General Meeting** (AGM) of Chambal Breweries & Distilleries Limited will be held on **Monday, 28th September, 2026** AT 3:00 P.M. through video conferencing ("VC")/other audio-visual means ("OAVM") with deemed location of registered office of company situated at House no. 30 2nd floor, DAV school kei pass, Talwandi, Kota-324005, Rajasthan, India to transact such business as set out in the notice of AGM ("Notice").

Notice along with the Annual Report for the financial year 2025-26 has been sent through electronic mode to all the members whose email ids are registered with the Company/Depository Participants. The Dispatch of the Notice and Annual Report was completed by Friday, 04th September, 2026.

